

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং-৩৭.০০.০০০০.০৭২.৮৮.০৯০.১২.৭৪১

তারিখ: ০৪ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাসিক বেতন ও অন্যান্য ফি সরকারের নির্দেশনা ব্যতিরেকেই বর্ধিত হারে আদায় করা হচ্ছে। এর ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে।

০২। প্রসঙ্গত: উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর ৪১(২)(খ)(২) নং বিধি অনুযায়ী সরকারের নির্দেশনা সাপেক্ষে, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি বা, ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি শিক্ষার্থীগণের নিকট হতে আদায়যোগ্য বেতন ও ফিসের হার নির্ধারণ করবে।

০৩। এ প্রেক্ষাপটে সরকার কর্তৃক পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত শিক্ষার্থীদের বর্ধিত বেতন ও অন্যান্য ফি আদায় অবিলম্বে বন্ধ করার জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে সরকার শিশুই প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ১৭.০১.২০১৬

(চৌধুরী মুফাদ আহমদ)

অতিরিক্ত সচিব (মাধ্যমিক)


ফোন: ৯৫৫০৩৪১।

নথি নং-৩৭.০০.০০০০.০৭২.৮৮.০৯০.১২.৭৪১

তারিখ: ০৪ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/বিশ্ববিদ্যালয়/ অভিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল)(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নিবাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....।
১৫. জেলা শিক্ষা অফিসার (সকল)(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,


(সালমা জাহান)
উপসচিব

ফোন: ৯৫৫০৩৪১।